

= সোয়াদ | □□d | —

আয়াতঃ ৩৮:১০

া আরবি মূল আয়াত:

اَم لَهُم مُّلكُ السَّمَٰوٰتِ وَ الأرضِ وَ مَا بَينَهُمَا فَليَرتَقُوا فِي الاَسبَابِ ﴿ ١٠﴾

অথবা আসমান ও যমীন এবং এ দু'য়ের মধ্যে যা আছে তার মালিকানা কি তাদের? তাহলে তারা আরোহণ করুক (আসমানে উঠার) কোন উপায় অবলম্বন করে। — আল-বায়ান

কিংবা আকাশ ও পৃথিবী- এ দু' এর মাঝে যা আছে তার সর্বময় ক্ষমতা কি তাদের আছে? তাহলে তারা বিশ্ব পরিচালনার উচ্চস্থানে উঠে পড়ক। — তাইসিকল

তাদের কি সার্বভৌমত্ব আছে আকাশমন্ডলী ও পৃথিবী এবং এতদুভয়ের অন্তবর্তী সব কিছুর উপর? থাকলে তারা সিড়ি বেয়ে আরোহণ করুক। — মুজিবুর রহমান

Or is theirs the dominion of the heavens and the earth and what is between them? Then let them ascend through [any] ways of access. — Sahih International

১০. নাকি তাদের কর্তৃত্ব আছে আসমানসমূহ ও যমীন এবং এ দুয়ের অন্তর্বতী সমস্ত কিছুর উপর? থাকলে, তারা কোন উপায় অবলম্বন করে আরোহণ করুক!

তাফসীরে জাকারিয়া

- (১০) ওদের কি আকাশমন্ডলী ও পৃথিবীর এবং ওদের অন্তর্বর্তী সমস্ত কিছুর (উপর) সার্বভৌমত্ব আছে? থাকলে, ওরা মাধ্যমযোগে (আকাশে) আরোহণ করুক! [1]
 - [1] অর্থাৎ, আকাশে উঠে সেই অহী বন্ধ করে দিক, যা মুহাম্মাদ (সাঃ)-এর প্রতি অবতীর্ণ হয়। أسباب শব্দটি এর বহুবচন। এর আভিধানিক অর্থ হলঃ ঐ সকল বস্তু যার মাধ্যমে নিজ অভীষ্ট পর্যন্ত পৌঁছনো যায়, তাতে সে যে কোন বস্তুই হোক। যার ফলে তার বিভিন্ন অর্থ করা হয়েছে। (এর ব্যাপক অর্থঃ মাধ্যম।) রিশি ছাড়া আর একটি দ্বিতীয় অর্থ 'দরজা'ও করা হয়েছে। যে দরজা দিয়ে ফিরিশতাগণ পৃথিবীতে অবতরণ করেন। অর্থাৎ সিঁড়ির সাহায্যে আকাশের দরজা পর্যন্ত পৌঁছে যাও এবং অহী আসা বন্ধ করে দাও। (ফাতহুল ক্বাদীর)





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3980

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন